# গুলিস্তানে সুন্দরবন স্কয়ার মার্কেটে ভয়াবহ অগ্নিকাণ্ড, আগুন নিয়ন্ত্রণে ১১ ইউনিট



সংগৃহীত ছবি

রাজধানীর গুলিস্তানে অবস্থিত সুন্দরবন স্কয়ার মার্কেটে ভয়াবহ আগুন লাগার ঘটনা ঘটেছে। আগুন নিয়ন্ত্রণে কাজ করছে ফায়ার সার্ভিসের ১১টি ইউনিট।

শনিবার (২ আগস্ট) সকাল ১০টার দিকে গুলিস্তানের ব্যস্ততম বাণিজ্যিক এলাকা সুন্দরবন স্কয়ার মার্কেটে হঠাৎ করে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে।

ফায়ার সার্ভিসের কন্ট্রোল রুম সূত্রে জানা যায়, সকাল ১০টার সময় মার্কেটের পঞ্চম তলায় আগুন লাগার খবর পান তারা। মাত্র ৩ মিনিট পর, সকাল ১০টা ৩ মিনিটে ফায়ার সার্ভিসের প্রথম ইউনিট ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণের কাজ শুরু করে। পরে একে একে আরও ১০টি ইউনিট যোগ দেয়।

আগুনের উৎস, ক্ষয়ক্ষতির পরিমাণ ও কোনো হতাহতের ঘটনা ঘটেছে কিনা—তা তাৎক্ষণিকভাবে জানা যায়নি। ঘটনাস্থলে বিপুল সংখ্যক লোক জড়ো হয়েছে, এবং আইনশৃঙ্খলা বাহিনী নিরাপত্তা নিশ্চিতে কাজ করছে।

বিস্তারিত তথ্য আসছে...

LENS ASIA